ইত্তেফাক



তারিখ 9/6/80
পৃষ্ঠা 1 কলাম 1

# ৪টি শিক্ষাবোর্ডের স্থলে একটিমাত্র কেন্দ্রীয় সংস্থা গঠনের কথা বিবেচনাধীন

বাসস জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেন, সরকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পরিচালনার জন্য একটি মাত্র কেন্দ্রীয় সংস্থা গঠনের বিষয় বিবেচনা করিতেছেন। এই সংস্থা দেশের সর্বত্র শিক্ষার সমমান নিশ্চিত করার জন্য বর্তমান মাধ্যমিক শিক্ষা বোর্ডের স্থলাভিষিক্ত হইবে। তিনি আরও বলেন, সরকার দেশের সকল বিশ্ববিদ্যালয়ের জন্য একটি সামঞ্জস্যপূর্ণ আইন প্রণয়ন নিশ্চিত করার জন্য একটি পরিষদ কমিটি গঠনের বিষয় ভাবিয়া দেখিতেছেন। তিনি জোর দেন যে, উচ্চ শিক্ষার

(শেষপৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## একটিমাত্র কেন্দ্রীয় সংস্থা

( ১ম পৃঃ পর )

উন্নয়নের বৃহত্তর স্বার্থে বিশ্ববিদ্যালয়সমূহ এবং সরকারের মধ্যে একটি জবাবদিহির ব্যবস্থা থাকিতে হইবে।

গতকাল (রবিবার) ঢাকায় শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত গবেষণা ফাউণ্ডেশনের ষষ্ঠ বার্ষিক সাধারণ সভায় ভাষণদানকালে প্রধানমন্ত্রী একথা বলেন। সভায় সভাপতিত্ব করেন ফাউণ্ডেশনের সভাপতি ও পররাষ্ট্রমন্ত্রী অধ্যাপক শামসুল হক।

শাহ আজিজ শিক্ষার মানে সমতা আনয়নের জন্য বর্তমান পরীক্ষা ব্যবস্থার সংস্কার সাধনের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করিয়া বলেন, সরকার সমগ্র শিক্ষা ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন আনিতে কৃতসংকল্প।

অধ্যাপক শামসুল হক বলেন, ফাউণ্ডেশনের মূল লক্ষ্য হইল এমন একটি প্রাতিষ্ঠানিক কাঠামো গড়িয়া তোলা, যাহার অধীনে জ্ঞানের বিভিন্ন শাখায় শিক্ষা, পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত গবেষণা চালানো যাইতে পারে। তিনি বলেন, ফাউণ্ডেশনের গবেষণা তৎপরতায় শিক্ষাকে দেশের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নে কার্যকর শক্তি হিসাবে প্রতিষ্ঠায় প্রাধান্য দেওয়া হইয়াছে।